কালের কণ্ঠ

তারিখ: 22 AUG 2017
পৃঃ ১৮ কলাম ৬

# কুবির সেই শিক্ষকের ছুটি প্রত্যাহার

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক মাহবুবুল হক ভূঁইয়া তারেককে দেওয়া বাধ্যতামূলক ছুটি প্রত্যাহার করে নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মজিবুর রহমান মজুমদার স্বাক্ষরিত এক অফিস স্মারকের মাধ্যমে ছুটি প্রত্যাহার করা হয়।

স্মারকে বলা হয়, গত ১৭ আগস্ট জারি করা অফিস আদেশের মাধ্যমে মাহবুবুল হক ভূঁইয়া তারেককে ২০ আগস্ট থেকে ১৯ সেপ্টেম্বর যে ছুটি দেওয়া হয়েছিল, শিক্ষক সমিতির দাবি ও উদ্ভূত পরিস্থিতি বিবেচনা করে তা প্রত্যাহার করা হলো।

প্রসঙ্গত, ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের আলোচনায় অংশ না নিয়ে মাহবুবুল হক ভূঁইয়া তারেক ক্লাস নিয়েছেন বলে অভিযোগ তোলে ছাত্রলীগ। এর পরিপ্রেক্ষিতে তাঁকে এক মাসের বাধ্যতামূলক ছুটিতে পাঠায় বিশ্ববিদ্যালয় প্রশাসন। শুরু থেকেই বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদ (একাংশ) ও শিক্ষক সমিতি এ ছুটি প্রত্যাহারের দাবি জানিয়ে আসছিল।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর